

## “শান্তির সপক্ষে নীলিমা”

শাহ এ এম এস কিবরিয়া সহ বিগত বছর গুলিতে খেনেড, বোমা ও ব্রাশফায়ারে নিহত অগনিত মানুষের হত্যার নিরপেক্ষ সুষ্ঠু বিচারের দাবীতে আমাদের পরবর্তী শান্তিপূর্ণ কর্মসূচি ঘোষণা করছি। আগামী ৩রা মার্চ, বৃহস্পতিবার থেকে এই অব্যাহত কর্মসূচি শুরু করার আহবান জানাচ্ছি। এই কর্মসূচির নাম হলো - “শান্তির সপক্ষে নীলিমা”।

আমাদের শান্তিপূর্ণ প্রতিবাদের প্রতীক হিসেবে প্রতি সপ্তাহে একদিন, বৃহস্পতিবার আপনারা নীল রংয়ের কিছু পরিধান করুন। সেটি শার্ট, টি শার্ট, পাঞ্জাবী, শাড়ী, ওড়না, টুপি এমনকি এক টুকরো নীল কাপড়ও হতে পারে। আমরা প্রতিবাদের প্রতীক হিসেবে নীল রং বেছে নিয়েছি কারণ নীল শান্তির রং।

৩রা মার্চ, বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে এই কর্মসূচী শুরু হবে এক নীরব পদযাত্রার মাধ্যমে। পদযাত্রা বেলা ৪.০০টায় আমার বাসা মালঞ্চ, বাসা নং ৫৮, সড়ক নং-৩/এ, ধানমন্ডি থেকে শুরু হয়ে আবাহনী ক্রীড়া চক্রের সামনে শান্তির পায়রা উড়িয়ে দেবার মাধ্যমে শেষ হবে। পদযাত্রায় অংশ গ্রহণকারীদের অবশ্যই গাড় থেকে হাঙ্কা যে কোন ধরনের নীল রংয়ের বস্ত্র পরতে হবে। আমার ও আমার পরিবারের এই নীরব শান্তিপূর্ণ কর্মসূচিতে যোগ দিয়ে এই সব হত্যাকাণ্ডের বিচারের দাবীকে আরও জোরদার করুন।

পরবর্তীতে প্রতি বৃহস্পতিবার নীল রংয়ের কাপড়টি পরিধানই হবে আমাদের প্রতিবাদের ভাষা। তাই আমরা চাই এখন থেকে অব্যাহত ভাবে সপ্তাহের একটি দিন প্রতি বৃহস্পতিবার, যারা আমার এই দাবী সমর্থন করেন, নবীন-প্রবীন সব দলমত নির্বিশেষে দেশবাসী, যে যেখানে থাকুন, অফিস, আদালত, বাসা, দোকানপাট, রাস্তা ও অন্যান্য যে কোন জায়গায় সারাদিন শান্তিপূর্ণ প্রতিবাদের প্রতীক হিসেবে নীল রংয়ের কাপড় পরে শান্তিপূর্ণ ভাবে নীরব দাবি তুলুন, আমরা সন্তোষ চাই না - আমরা শান্তিতে বসবাস করতে চাই। আমরা সবধরনের বোমা, খেনেড হামলা ও হত্যার দ্রুত, নিরপেক্ষ ও সুষ্ঠু বিচার চাই! ঐক্যবদ্ধভাবে নীরবে সরকারকে জানিয়ে দিন -

“ আর নয়, বন্ধ কর এ হত্যাযজ্ঞ, শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করো। ”

(মিসেস আসমা কিবরিয়া)

[www.kibria.org](http://www.kibria.org)